বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১

ফোন : ০২২২৩৩৮৩৬৩৭
পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩২
০২২২৩৩৮০০৩১-৩৫/২২৭৫
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd
ওয়েব : www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)অংশ-০২/২০২২-২০২৩/৫০০৭ তারিখ: ২৪.০৫.২০২৩ খ্রি.

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।

**বিষয়: বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণের অনুমতি প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে আপনাদের কার্যালয়ের ০২.০৫.২০২৩ খ্রি. তারিখের পত্র নং ৩০১৮(৩) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, গাংনী শাখা, মেহেরপুর এর দপ্তরী জনাব মোঃ আব্দুল মান্নাফ (এ-৬১৫০) এর আবেদন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে পবিত্র হজ্ব পালনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ তাঁকে নিম্ন বর্ণিত শর্তাবলিতে ০৮.০৬.২০২৩ হতে ২২.০৭.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ সদয় অনুমোদন প্রদান করেছেন।

**শর্তাবলি**

(ক) আবেদনে উল্লিখিত দেশ (সৌদি আরব) ও উদ্দেশ্য (পবিত্র হজ্ব পালন) ব্যতীত অন্য কোন দেশ ও উদ্দেশ্যে ভ্রমণ করা যাবে না;
(খ) প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মচারী নিজস্ব উৎস হতে বহন করবেন এবং এতে বাংলাদেশ কৃষি ব্যাংক বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
(গ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে ছুটি মঞ্জুরিসহ ছাড়পত্র গ্রহণ করতে হবে;
(ঘ) ০৮.০৬.২০২৩ হতে ২২.০৭.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন (যাতয়াতসহ) বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ করবেন;
(ঙ) বাংলাদেশ সার্ভিস রুলস এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক অন্য কোন বিশেষ আদেশ না থাকলে ছুটি মঞ্জুরির তারিখের ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটি আরম্ভ করতে হবে;
(চ) ভ্রমণের মেয়াদান্তে যথা সময়ে প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন, উক্ত ছুটির অতিরিক্ত কোন ছুটি ভোগ করতে পারবেন না;
(ছ) সকল বেতন ভাতাদি দেশীয় মুদ্রায় প্রদেয় হবে এবং
(জ) বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ-১, বিকেবি, প্রকা, ঢাকা কে অবহিত করতে হবে।

০৩। জনাব মোঃ আব্দুল মান্নাফ (এ-৬১৫০) এর বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণ সংক্রান্ত ছুটিকালীন সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে বিকেবি, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর এর দপ্তরী জনাব মোছাঃ রোকেয়া খানম (আর-১৩৪৬) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট কর্মচারীর রুটিন দায়িত্ব পালন করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(ফেরদৌস আহম্মদ)
সহকারী মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি-১/বিবিধ-৩১(৪)অংশ-০২/২০২২-২০২৩/৫০০৭(২৫) তারিখ: ২৪.০৫.২০২৩ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো:**

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।
০৪. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/সকল স্থল বন্দর, বাংলাদেশ।
০৫. উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে জনাব মোঃ আব্দুল মান্নাফ (এ-৬১৫০) এর বহিঃবাংলাদেশ (সৌদি আরব) ভ্রমণের অনুমতিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬. আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর।
০৭. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, মেহেরপুর।
০৮. ব্যবস্থাপক, বিকেবি, গাংনী শাখা, মেহেরপুর।
০৯. জনাব মোঃ আব্দুল মান্নাফ (এ-৬১৫০), দপ্তরী, বিকেবি, গাংনী শাখা, মেহেরপুর।
১০. জনাব মোছাঃ রোকেয়া খানম (আর-১৩৪৬), দপ্তরী, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, মেহেরপুর।
১১. নথি/মহানথি।

24.05.2023

(মোঃ আল জাবির)
উর্ধ্বতন কর্মকর্তা